



# বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪৩.২২.০০০০.০১২.০২.০২১.২৩.৩৪৬৩(২০)

তারিখ: ২৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি শীর্ষক মতবিনিময় সভায় অংশ গ্রহণের আমন্ত্রণ।

বাংলাদেশ জাতীয় জাদুঘর ইতিহাস, ঐতিহ্য, পুরাতত্ত্ব, শিল্পকলা, সংস্কৃতি-শিক্ষা ও প্রাকৃতিক সম্পদ সম্পর্কিত নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শনের একটি জাতীয় প্রতিষ্ঠান। ১৯১৩ সালের ৭ আগস্ট বাংলার গভর্নর লর্ড কারমাইকেল নবগঠিত পূর্ববাংলা ও আসাম প্রদেশের রাজধানী ঢাকায় নবনির্মিত সচিবালয়ে ঢাকা জাদুঘর উদ্বোধন করেন। এর প্রথম কিউরেটর ছিলেন ড. নলিনীকান্ত ভট্টশালী। সরকারের পৃষ্ঠপোষকতা, বিভিন্ন শ্রেণি-পেশাজীবীর মূল্যবান পরামর্শ, সংস্কৃতিজন ও বিভিন্ন খ্যাতিমান ব্যক্তিবর্গের অগ্রণী ভূমিকা, বিদ্যোৎসাহী ও গবেষকদের প্রজ্ঞা, উপহার দাতাগণের অবদান, সুহৃদদের সহযোগিতা এবং জাদুঘর কর্মীগণের অক্লান্ত পরিশ্রমে ১৯৮৩ সালে ঢাকা জাদুঘর রূপান্তরিত হয় বাংলাদেশ জাতীয় জাদুঘরে। এ রূপান্তর দেশ ও জনগণের প্রতি জাদুঘরের দায়বদ্ধতা যেমন বেড়েছে, পাশাপাশি জাতীয় জীবনে এর ব্যাপ্তি সম্পৃক্ততা ও কর্মের পরিধি দিনে দিনে দৃশ্যমানভাবেই সম্প্রসারিত হয়েছে এবং একটি বহুমাত্রিক প্রতিষ্ঠান রূপে বিকশিত হয়েছে। হাজার বছরের নৃতাত্ত্বিক উপাদানে সমৃদ্ধ ৯৩ হাজার ৫৬৬টি নিদর্শন বাংলাদেশ জাতীয় জাদুঘর সংগ্রহ করেছে। এর মধ্যে ৩ হাজার ৮৮৭টি নিদর্শন প্রদর্শিত হচ্ছে ৪৫টি গ্যালারিতে। নিদর্শন প্রদর্শনের পাশাপাশি বাংলাদেশ জাতীয় জাদুঘর নিয়মিত গাইড সেবা প্রদান, প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান, হুইল চেয়ার সেবা প্রদান, বিস্কৃত পানি সরবরাহ, গ্রহুপাঠ সেবা, মিলনায়তন ব্যবহার সেবা, তথ্য সেবা, বিশেষ চাহিদা সম্পন্নদের বিশেষ বাথরুম সেবা, ইন্টারনেট সেবা, মোবাইল ফোন রিচার্জ সেবা, মাতৃদুগ্ধ পান সেবাসহ নানামাত্রিক সামাজিক সেবা প্রদান করে আসছে।

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করে সিটিজেন চার্টারে সংযোজিত নাগরিক সেবা আধুনিক করার লক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ২৯/০৩/২০২৩, বুধবার, বেলা ২ টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে অংশীজনের অংশগ্রহণে ওয়ার্কশপ ও মতবিনিময় সভার আয়োজন করেছে। মতবিনিময় সভায় উপস্থিত হয়ে মূল্যবান মতামত প্রদান করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হ'ল।

আপনার মূল্যবান মতামত আগামী দিনগুলো জাদুঘর পরিচালনার ক্ষেত্রে নতুনমাত্রা যুক্ত করবে বলে আমাদের বিশ্বাস। মতবিনিময় সভায় আপনার প্রাণবন্ত উপস্থিতি জাদুঘরের এ কর্মসূচিকে সাফল্য মণ্ডিত করবে।

(ড. শিহাব শাহরিয়ার)

কীপার (জনশিক্ষা বিভাগ)

বাংলাদেশ জাতীয় জাদুঘর।

ফোন: ০২-৪১০৬০৩২৬

২৭.০৩.২০২৩

ড. সুফিয়া কামাল  
কবি  
বাংলাদেশ জাতীয় জাদুঘর